# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ৪. যীশুর জন্ম তারিখ বিষয়ে বৈপরীত্য

চার ইঞ্জিল লেখকের মধ্যে মথি ও লূক দু'জন যীশুর জন্ম বিষয়ক তথ্যাদি বর্ণনা করেছেন। আর উভয়ের বর্ণনার মধ্যে অচিন্তনীয় বৈপরীত্য বিদ্যমান। এ সকল বৈপরীত্যের মধ্যে রয়েছে জন্ম তারিখ বিষয়ক বর্ণনা। মথি উল্লেখ করেছেন যে, যীশু এহুদা/ এহুদিয়া বা যিহূদা রাজ্যের প্রসিদ্ধ রাজা মহান হেরোদ (Herod the Great)-এর রাজত্বকালে জন্মগ্রহণ করেন। রাজা হেরোদ যীশুর জন্মের দু বছর পরে যীশুকে হত্যার উদ্দেশ্যে বৈথলেহমের সকল শিশুকে হত্যা করেন। (মথি ২ অধ্যায়)

ঐতিহাসিকরা একমত যে, হেরোদ খ্রিষ্টপূর্ব ৪ সালের মার্চ বা এপ্রিলে মৃত্যুবরণ করেন।[1] এ থেকে প্রতীয়মান যে. খ্রিষ্টপূর্ব ৬ সালের দিকে যীশু জন্মগ্রহণ করেন।

এর বিপরীতে লূক লেখেছেন: সেই সময়ে সম্রাট অগাস্টাসের (Caesar Augustus) এই হুকুম বের হল যে, সারা দুনিয়ার লোকের নাম লেখাতে হবে। সিরিয়ার শাসনকর্তা কুরীণিয়ের সময়ে (when Cyrenius was governor of Syria) এই প্রথম নাম লেখানো হয়। ... আর ইউসুফও গালীলের নাসরত নগর থেকে এহুদিয়ায় বেথেলহেম নামক দাউদের নগরে গেলেন... এমন সময়ে মরিয়মের প্রসাব কাল সম্পূর্ণ হল। আর তিনি তাঁর প্রথমজাত পুত্র প্রসব করলেন'' (লূক ২/১-৮, মো.-১৩)।

সিজার অগাস্টাস খ্রিষ্টপূর্ব ২৭ থেকে ১৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তার রাজত্বকালে পাবলিয়াস সালপিশাস কুরিনাস (Publius Sulpicius Quirinius) ৬ খ্রিষ্টাব্দে সিরিয়ার শাসনকর্তা হিসেবে যোগদান করেন। লূকের এ বর্ণনা অনুসারে যীশুর জন্ম ৬ খ্রিষ্টাব্দের আগে হতে পারে না। মথির বর্ণনায় খ্রিষ্টপূর্ব ৬ সালে আর লূকের বর্ণনায় খ্রিষ্টপরবর্তী ৬ সালে। উভয় তারিখের মধ্যে ১২ বছরের পার্থক্য। হেরোদের মৃত্যুর পূর্বে জন্ম গ্রহণ আর কুরীনিয়ের সময়ে জন্মগ্রহণের তথ্য দুটোর বৈপরীত্য সমন্বয় করার কোনো উপায় নেই।[2]

### ফুটনোট

[1] "Herod the Great." Microsoft Student 2008 [DVD]. Redmond, WA: Microsoft Corporation, 2007.
[2] Brown, D. L. The Birth of the Messiah: A commentary on the Infancy Marratives in the Gospels of Matthew and Luke (1993), Doubleday; New York, p 550; Louay Fatoohi, The Mystery of the Historical Jesus (2009), p 257-260.

Source — https://www.hadithbd.com/books/link/?id=14000

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন